



## ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছিলেন তারেক রহমান: আসিফ নজরুল



ছবি: সংগৃহীত

ঢাকা বিশ্ববিদ্যালয়ে তারেক রহমানের অধ্যয়ন নিয়ে চলা বিতর্কের মধ্যে বিষয়টি স্পষ্ট করেছেন বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের অধ্যাপক ড. আসিফ নজরুল।

সামাজিক যোগাযোগ মাধ্যমে দেওয়া এক পোস্টে তিনি জানান, তারেক রহমান সত্যিই ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছিলেন।

আসিফ নজরুলের তথ্য অনুযায়ী, ১৯৮৫-৮৬ শিক্ষাবর্ষে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগে ভর্তি হন এবং কিছুদিন নিয়মিত ক্লাসও করেন। তাঁর ভাষায়, তখন থেকেই বিষয়টি বিশ্ববিদ্যালয় পর্যায়ে অনেকের জানা ছিল।

তিনি আরও বলেন, তারেক রহমানের সঙ্গে একই সময়ের শিক্ষার্থীদের মধ্যে পরবর্তীতে পরিচিত বেশ কয়েকজন ব্যক্তিত্ব ছিলেন। তাদের মধ্যে রয়েছেন সাবেক স্পিকার শিরিন শারমিন চৌধুরী, সাবেক উপদেষ্টা রিজওয়ানা হাসান এবং আপিল বিভাগের বর্তমান বিচারপতি ফারাহ মাহবুব।

পড়াশোনা অসম্পূর্ণ থেকে যাওয়ার কারণ ব্যাখ্যা করতে গিয়ে আসিফ নজরুল তৎকালীন রাজনৈতিক পরিস্থিতির কথা উল্লেখ করেন। তাঁর মতে, সে সময় দেশের রাজনৈতিক পরিবেশ ও নিরাপত্তা পরিস্থিতি অনেকটাই অস্থির ছিল, যার প্রভাব তারেক রহমানের বিশ্ববিদ্যালয় জীবনের ওপর পড়ে এবং তা দীর্ঘায়িত হয়নি।